GEORGE TELEGRAPH
SINCE 1920
www.georgetelegraph.com

# জর্জ বুলেটিন

সংখ্যা ঃ ১১ ● ১ ফেব্রুয়ারি ২০২৫

## বিশেষভাবে সক্ষম পড়ুয়াদের জন্য নয়া দিশা জর্জ টেলিগ্রাফের

জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটের মুকুটে নয়া পালক সংযোজিত হল। তারা নাসকম (NASSCOM) ফাউন্ডেশনের সঙ্গে সহযোগিতায় বিশেষভাবে সক্ষম পড়ুয়াদের জন্য একটি ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছে। এই প্রকল্পটি রূপায়িত হচ্ছে হায়দ্রাবাদ, বেঙ্গালুরু, পুনে শহরগুলিতে। এই উদ্যোগের মাধ্যমে শিক্ষা, দক্ষতা ও কর্মসংস্থানের একটা সুযোগ তৈরির চেষ্টা করা হয়েছে।



**প্রকল্পের উদ্দেশ্য...**

বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের সাবলম্বী করা। তাদের আধুনিক শিক্ষা, বেড়ে ওঠা ও সফলভাবে জীবন গড়ে তোলার দিশা দেখাবে এই প্রয়াস।

পাশাপাশি একটি সামগ্রিক শিক্ষার পরিবেশ গড়ে তোলা। যেখানে বিশেষভাবে সক্ষম পড়ুয়ারা তাদের প্রয়োজনীয় সরঞ্জাম ও প্রকল্পের সুবিধেগুলি গ্রহণ করতে পারে।


শিল্পের চাহিদা অনুযায়ী দক্ষতার সঙ্গে অংশগ্রহণ কারীদের কর্মজীবনের দিশা দেখানো। তাদের বাকিদের মতো সাবলম্বী করা।

- মৌলিক এবং উন্নত কম্পিউটার জ্ঞানের ব্যবহার।
- সফ্টওয়্যার অ্যাপ্লিকেশন, ইন্টারনেট ব্যবহার এবং অনলাইন যোগাযোগের প্রশিক্ষণ।
- দৈনন্দিন কাজ এবং কর্মক্ষেত্রের দক্ষতা ঠিকঠাক পালন করতে ডিজিট্যাল মাধ্যমের সঙ্গে সম্পর্কস্থাপন।

**আগামীর রূপরেখা...**

জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট এবং NASSCOM ফাউন্ডেশন এমন একটি সমাজের স্বপ্ন দেখে যেখানে সাধারণের সঙ্গে বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের কোনও ভেদাভেদ থাকবে না। তাদের শারীরিক ও জ্ঞানের ক্ষমতা যাতে নির্বিশেষে সকলের কাছে গ্রহণযোগ্য হয়ে ওঠে। সেই পড়ুয়ারাও যেন সমাজের বাকিদের মতো স্বয়ংসম্পূর্ণ জীবনের ভাবনা ভাবতে পারে। এই প্রয়াস সেই কারণেই অতি গুরুত্বপূর্ণ জর্জ টেলিগ্রাফের কাছে।

## লেদার সেক্টরে পা জর্জ টেলিগ্রাফের


Skill India
N·S·D·C
NCVET
LEATHER SECTOR SKILL COUNCIL
Authorised Training Partner
This is to cer y that
M/s. GEORGE TELEGRAPH TRAINING INSTITUTE
located at 31A, Shyama Prasad Mukherjee Road
Kolkata-700025. West Bengal.
affiliated as a Training Partner of
Leather Sector Skill Council (LSSC)
t December 2025
Sanjay Kumar
Execue Director, LSSC

জর্জ টেলিগ্রাফের আরও একটি প্রশংসনীয় উদ্যোগ। শতাব্দিপ্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান লেদার সেক্টর স্কিল কাউন্সিল (LSSC)-এর সঙ্গে যৌথভাবে লেদার শিল্পের জন্য প্রশিক্ষণ প্রদান করবে শিক্ষার্থীদের। এই সংযুক্তিকরণের লক্ষ্যই হল, ছাত্রছাত্রীদের লেদার শিল্প সম্পর্কে সম্যক ধারণা ও ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে কর্মসংস্থানের দিশা দেখানো। তারা যাতে আগামী দিনে এই শিল্পে নিজেদের বিকাশ ঘটাতে পারে। কিংবা ভবিষ্যতে কর্মসংস্থানের মাধ্যমে আয়ের পথ খুঁজে পায়।

## রিটেল সেক্টরে জর্জ

জর্জ টেলিগ্রাফ চুক্তিবদ্ধ হয়েছে RASCI- (Retailers Association's Skill Council of India), এর সঙ্গে। রিটেল সেক্টরে যাতে পেশাদার দৃষ্টিভঙ্গীতে কাজ করা যায়, তার দিশা দেখাবে তারা। রিটেল সেক্টরেও এই মুহূর্তে স্কিল ডেভলপমেন্ট সমানভাবে প্রয়োজন। কোনও শিক্ষার্থী গ্রাহক পরিষেবার সঙ্গে যুক্ত হতে চায়, কেউ যেতে চায় সেলস বিভাগে। যেখানে তারা ক্ষুদ্র ব্যবসায়ীদের সঙ্গে ওতপ্রোতভাবে যোগাযোগ রেখে নিজেদের কোম্পানির পন্য সরাসরি বিক্রয়ের ব্যবস্থা করবে। জর্জ টেলিগ্রাফ এই চুক্তির মাধ্যমে শিক্ষার্থীদের পাশে থাকতে চায় যাতে তারা আগামী দিনের পথ মসৃণ করতে পারে। এই উদ্যোগের লক্ষ্যই হল, কর্মসংস্থান, গতিময় কর্মজীবন ও দেশে সংগঠিত খুচরো ব্যবসার সম্প্রসারণে প্রত্যক্ষ অবদান রাখা।